NOV. 1 7 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

দৈনিক ইনকিলাব

# ক্যাম্পাসে হয় সন্ত্রাসী থাকবে নয়তো আমরা থাকবো

## –কৃষি বিশ্ববিদ্যালয় ভিসি

**বাকৃবি সংবাদদাতা ঃ** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নয়া ভিসি প্রফেসর মুস্তাফিজুর রহমান ছাত্র প্রশাসনে ব্যাপক পরিবর্তন ঘটিয়েছেন। তিনি নতুন নিয়োগপ্রাপ্ত ছাত্র বিষয়ক উপদেষ্টা, প্রোক্টর, ডীন ও প্রভোস্টদের নিয়ে গতকাল (শুক্রবার) সন্ধ্যায় ভিসি বাসভবনে জরুরী সভা করেন। গত বৃহস্পতিবার রাতে ছাত্রদলের বিবদমান দু'গ্রুপের মধ্যে সৃষ্ট উত্তেজনার প্রেক্ষিতে এ সভায় ভিসি সন্ত্রাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। তিনি ক্যাম্পাসে সকলপ্রকার সন্ত্রাস, অস্ত্রবাজি ও চাঁদাবাজি বন্ধের কার্যকরী পদক্ষেপ গ্রহণের অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি বলেন, ক্যাম্পাসে হয় সন্ত্রাসী থাকবে, নয়তো আমরা থাকবো। সীট দখলকে কেন্দ্র করে ছাত্রদলের বিবদমান গ্রুপিং-এ ফজলুল হক হল, সোহরাওয়ার্দী হল ও বঙ্গবন্ধু হলে প্রচুর উত্তেজনা, ধাওয়া, পাল্টা ধাওয়া ও উত্তপ্ত বাক্যবিনিময় হয়। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। গতকালের সভায় উপস্থিত ছিলেন নয়া ছাত্র বিষয়ক উপদেষ্টা. প্রফেসর ডঃ আমিরুল ইসলাম, প্রোক্টর প্রফেসর ডঃ নজরুল ইসলামসহ ডীন ও প্রভোস্টবৃন্দ। ভিসি দায়িত্ব গ্রহণের পর গত বুধবার ছাত্র বিষয়ক উপদেষ্টা, প্রোক্টর, পরীক্ষা নিয়ন্ত্রক, ৫টি হলের প্রভোস্ট, বাউরেস ও বাউএক পরিচালক পদে পরিবর্তন ঘটিয়ে নয়া নিয়োগ প্রদান করেন।